দৈনিক খবর

তারিখ ...24 OCT 1992

পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

143

# মুন্সিগঞ্জ প্রাথমিক শিক্ষা কর্মসূচী ভেস্তে যাচ্ছে

মুন্সীগঞ্জ, ২৩শে অক্টোবর (শহীদুল্লাহ্ শহীদ প্রেরিত)।– মুন্সীগঞ্জ সদর থানার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক স্বল্পতা, শিক্ষকদের উদাসীনতা ও প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা মারাত্মক ব্যাহত হচ্ছে। এ বছরের শুরুতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করলেও অত্র সদর থানার সে প্রকল্প ভেস্তেযাচ্ছে।

মুন্সীগঞ্জ সদরে ১০০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ৮টি বেসরকারী বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৬টি রেজিস্টার্ড এবং ২টি রেজিস্ট্রেশন বিহীন। এসব স্কুলগুলোতে পুরুষ শিক্ষকের সংখ্যা ২১৪ এবং শিক্ষিকা রয়েছেন ২৫৩ জন। বর্তমানে মোট পদসংখ্যা ৪৩৭টি এবং পদশূন্য রয়েছে ১২টি। পরিসংখ্যান থেকে জানা যায় ৬ বছর থেকে ১০ বছর পর্যন্ত ৮ হাজার ৫৫ জন শিশু ভর্তি হতে পারেনি। শিক্ষক ও ছাত্রদের অনুপাত ১:৬০ হলেও বর্তমানে এখানে একজন শিক্ষককে ১৫০ জন ছাত্রের দায়িত্ব নিতে হচ্ছে। আসবাবপত্র প্রয়োজনের তুলনায় কম থাকলেও চেয়ার- টেবিল ও বেঞ্চগুলো অধিকাংশ ব্যবহার উপযোগী নয়। সংস্কারের অভাবে যত্রযত্র ফেলে রাখা হয়েছে। টরকী ইসলামপুর প্রাথমিক বিদ্যালয়ের ভবনের অর্ধেক ছাদ দীর্ঘদিন যাবত নেই। ফলে একটু বৃষ্টি হলেই ছাত্র-ছাত্রীরা বিদ্যালয়ে আসে না। এই বিদ্যালয়ে চেয়ার-বেঞ্চ-এর সংখ্যা মাত্র ৫টি।

পৌর এলাকার বাইরে যে সকল শিক্ষিকা নিয়োগ করা হয়েছিল তারা বিভিন্ন পন্থা অবলম্বন করে, পৌর এলাকার স্কুলগুলোতে চলে এসেছে। কিছু কিছু স্কুল রয়েছে প্রধান শিক্ষককে সন্তুষ্ট রেখে পালাক্রমে শিক্ষকগণ তাদের দায়িত্ব পালন করছে বলে অভিযোগ রয়েছে।

অভিজ্ঞমহল মনে করেন এই সদর থানার সবার জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে নতুন শিক্ষক নিয়োগের ব্যাপারে সঠিক ও বাস্তব পদক্ষেপ নেয়া প্রয়োজন।